

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

তারিখ: ০৯/১০/২০২৩ খ্রি.

২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণের যাবতীয় কার্যক্রম Online এ আগামী ১০/১০/২০২৩ হতে ০৯/১১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: <http://ems.nu.ac.bd> এ গিয়ে NU Examination Management System ব্যবহার করে Student Login ম্যানু সিলেক্ট করার পর পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Submit বাটনে ক্লিক করে প্রিন্টকপি সংগ্রহ করতে হবে। শুধু নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ফরমের প্রিন্টকপি ও ফি পরিশোধের Payslip আগামী ০৭/১১/২০২৩ তারিখ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। এছাড়া অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা ফরমের প্রিন্টকপি ও নির্ধারিত ফি ম্যানুয়েলি আগামী ০৫/১১/২০২৩ হতে ০৬/১১/২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে জমা দিবে।

১। ফি জমাদানের পদ্ধতি: শুধু নিয়মিত পরীক্ষার্থীকে আগামী ২৫/১০/২০২৩ হতে ০৪/১১/২০২৩ তারিখের মধ্যে <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে সোনালী বিল পেমেন্ট সিস্টেমের National University Fees মেনু থেকে Form Fill-Up Fee ক্লিক করে Master অপশন সিলেক্ট করার পর চাহিত সকল তথ্য এন্ট্রি দিয়ে (Reg. No এর স্থলে ৯ডিজিটের শ্রেণির রোল নম্বর দিতে হবে) নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।

১। ফরমের সাথে জমা দিতে হবে:


- (ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
(খ) মাস্টার্স শেষ পর্ব রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১কপি ফরমের সাথে জমা দিতে হবে।

২। অংশগ্রহণের যোগ্যতা:


- (ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২১ শিক্ষাবর্ষে প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
(খ) ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্র/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
(গ) ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করবে।
(ঘ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করবে এবং একই সাথে C ও D গ্রেড প্রাপ্ত কোর্সে মান উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে এসব পরীক্ষার্থী উত্তীর্ণ হলে পরবর্তীতে মান উন্নয়নের সুযোগ পাবে না।
(ঙ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA- ২.৫ বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা এ পরীক্ষায় শুধুমাত্র C ও D গ্রেড প্রাপ্ত কোর্সে (সর্বোচ্চ ২টি পত্রে) মান উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, ইনকোর্স/টার্মপেপার/মৌখিক পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে।
(চ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নি তারা সর্বমোট ৬,৬০০/- (ছয় হাজার ছয় শত) টাকা ফি প্রদান করে এ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

৪। ফি এর বিবরণ:

বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয় অংশ		কলেজ অংশ					সর্বমোট
		পরীক্ষার ফি	অন্তর্ভুক্তি ফি	কেন্দ্র	ব্যবস্থাপনা	টার্মপেপার	ব্যবহারিক	মৌখিক	
এমএ/	নিয়মিত/অনিয়মিত	২৮০০/-	--	৪৫০/-	৫০/-	১৫০/-	--	--	৩,৪৫০/-
এমএসএ/	প্রাইভেট	২৭০০/-	--	৪৫০/-	৫০/-	--	--	৭৫/-	৩,২৭৫/-
এমবিএ	সিজিপিএ উন্নয়ন	১পত্র- ২৫০/-	৩০০/-	৪৫০/-	৫০/-	--	--	--	১০৫০/-
		২পত্র- ৫০০/-	৩০০/-	৪৫০/-	৫০/-	--	--	--	১,৩০০/-
এমএসসি	নিয়মিত/অনিয়মিত	২৯৫০/-	--	৪৫০/-	৫০/-	--	২০০/-	--	৩,৬৫০/-


০৯/১০/২০২৩
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা


০৯/১০/২০২৩

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাজশাহী;
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাজশাহী;
৩। বিভাগীয় প্রধান (সকল বিভাগ), অত্র কলেজ, রাজশাহী;
৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাজশাহী;
৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাজশাহী। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
৬। সংরক্ষণ নথি।